

“শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী”

“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”




বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং- ২৮.০৯.০০০০.০২১.৩৯.০০২.২২/ ৩০৫

তারিখ: ২১ জুলাই, ২০২২ ইং

পরিপত্র

বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে সরকার কর্তৃক সকল সরকারি অফিস/দপ্তরসমূহে ২৫% বিদ্যুৎ সাশ্রয়ের নির্দেশনা প্রদান করায় কোম্পানির প্রধান কার্যালয়, জোনাল অফিস ও স্থাপনাসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের কক্ষ ও বসার স্থানের এসি, বৈদ্যুতিক পাখা, বৈদ্যুতিক বাতি যথাসম্ভব কম চালানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এতদ্ব্যতীত অফিস ভবনের করিডোর এবং যে সমস্ত জায়গায় স্বল্প আলোতে কাজ চালিয়ে নেয়া সম্ভব সেসকল স্থানের বৈদ্যুতিক বাতি বন্ধ রাখতে হবে। তাছাড়া অফিস কক্ষ/বসার স্থান ত্যাগ করার পূর্বে স্ব-স্ব কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ নিজ ব্যবহৃত বৈদ্যুতিক পাখা, বাতি, এসিসহ সকল ধরনের বৈদ্যুতিক সংযোগ বন্ধ করার বিষয়টি নিশ্চিত করতে হবে। বর্ণিত নির্দেশনাবলী প্রতিপালনের বিষয়টি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয়/উপবিভাগীয়/স্থাপনা/প্রকল্প প্রধানগণকে নির্দেশ প্রদান করা হলো।


২১.০৭.২০২২
(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :

- ০১। বিভাগীয়/উপবিভাগীয়/প্রকল্প প্রধান.....বাপেক্স।
- ০২। ডিআইসি/এফআইসি/পিসি/স্থাপনা প্রধান.....বাপেক্স।
- ০৩। উপমহাব্যবস্থাপক (আইসিটি) বাপেক্স, ঢাকা (ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধসহ)
- ০৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, বাপেক্স, ঢাকা।
- ০৫। নোটিশ বোর্ড।
- ০৬। অফিস কপি।